

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়
জরুরি সাড়াদান কেন্দ্র (ইওসি)
www.ddm.gov.bd
৯২-৯৩ মহাখালী বা/এ, ঢাকা-১২১২

স্মারক নম্বর: ৫১.০১.০০০০.০২৭.১৫.০০১.১৮.৪০৭

তারিখ: ২৮ ফাল্গুন ১৪২৬
১২ মার্চ ২০২০

বিষয়: দুর্যোগ সংক্রান্ত দৈনিক প্রতিবেদন।

সমুদ্র বন্দরসমূহের জন্য সতর্ক সংকেতঃ সমুদ্র বন্দরসমূহের জন্য কোন সতর্ক সংকেত নাই।

আজ ১২ মার্চ ২০২০ খ্রি: সন্ধ্যা ০৬ টা পর্যন্ত দেশের অভ্যন্তরীণ নদীবন্দর সমূহের জন্য আবহাওয়ার পূর্বাভাস:
দেশের অভ্যন্তরীণ নদীবন্দর সমূহের জন্য কোন সতর্কবাণী নেই এবং কোন সংকেত দেখাতে হবে না।

আজ সকাল ০৯ টা থেকে পরবর্তী ২৪ ঘন্টার আবহাওয়ার পূর্বাভাসঃ

সিনপটিক অবস্থাঃ পশ্চিমা লঘুচাপের বর্ধিতাংশ পশ্চিমবঙ্গ এবং তৎসংলগ্ন এলাকায় অবস্থান করছে। মৌসুমের স্বাভাবিক লঘুচাপ দক্ষিণ বঙ্গোপসাগরে অবস্থিত রয়েছে।

পূর্বাভাসঃ অস্থায়ীভাবে আংশিক মেঘলা আকাশসহ সারাদেশের আবহাওয়া প্রধানতঃ শুষ্ক থাকতে পারে, তবে রাজশাহী ও খুলনা বিভাগের দু'এক জায়গায় অস্থায়ী দমকা হাওয়াসহ বৃষ্টি অথবা বজ্রসহ বৃষ্টি হতে পারে।

তাপমাত্রাঃ সারাদেশে দিনের এবং রাতের তাপমাত্রা (১-২)ডিগ্রী সে. বৃদ্ধি পেতে পারে।

পরবর্তী ৭২ ঘন্টার আবহাওয়ার অবস্থা (৩ দিন): বৃষ্টি অথবা বজ্রসহ বৃষ্টিপাতের প্রবনতা বৃদ্ধি পেতে পারে।

গতকালের সর্বোচ্চ ও আজকের সর্বনিম্ন তাপমাত্রা (ডিগ্রী সেলসিয়াস):

বিভাগের নাম	ঢাকা	ময়মনসিংহ	চট্টগ্রাম	সিলেট	রাজশাহী	রংপুর	খুলনা	বরিশাল
সর্বোচ্চ তাপমাত্রা	৩২.০	৩০.৪	৩৩.০	৩১.০৬	৩২.০	২৯.৮	৩২.৮	৩৩.০
সর্বনিম্ন তাপমাত্রা	১৭.৭	১৮.১	১৫.২	১৫.০	১৭.৬	১৫.২	১৮.৫	১৮.২

গতকাল সর্বোচ্চ তাপমাত্রা ছিল সীতাকুণ্ড ও খেপুপাড়া ৩৩.০০° এবং আজকের সর্বনিম্ন শ্রীমঙ্গল ১২.৬°সেঃ।

অগ্নিকান্ড

ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্সের নিয়ন্ত্রণ কক্ষের তথ্য (মোবাইল এসএমএস) থেকে জানা যায়, ১০/০৩/২০২০খ্রিঃ তারিখ রাত ১২.০০টা থেকে ১১/০৩/২০২০খ্রিঃ তারিখ রাত ১২.০০টা পর্যন্ত সারাদেশে মোট ৩৫টি অগ্নিকান্ডের ঘটনা ঘটেছে। বিভাগভিত্তিক অগ্নিকান্ডের তথ্য নিম্নে দেওয়া হলঃ

ক্রঃ নং	বিভাগের নাম	অগ্নিকান্ডের সংখ্যা	আহতের সংখ্যা	নিহতের সংখ্যা
১।	ঢাকা	৩	৩	০
২।	ময়মনসিংহ	১	০	০
৩।	বরিশাল	২	০	০
৪।	সিলেট	৫	০	০

৫।	রাজশাহী	২	০	০
৬।	রংপুর	৯	০	০
৭।	চট্টগ্রাম	৩	০	০
৮।	খুলনা	১০	০	০
	মোট	৩৫	৩	০

উল্লেখযোগ্য অগ্নিকাণ্ড (জেলাভিত্তিক তথ্য):

ঢাকাঃ জেলা প্রশাসন, ঢাকা ১১/০৩/২০২০খিঃ তারিখের ৫১.০১.২৬০০.০১৮.১৬.০২৩.১৮.২২৫ নম্বর পত্রের মাধ্যমে জানানো হয়েছে যে, গত ১১-০৩-২০২০খি. তারিখ সকাল ৯:৪৫ ঘটিকায় ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের আওতাধীন মিরপুর ট-ব্লক ৬নং সেকশন রুপনগর ঝিলপাড় বস্তিতে এক অগ্নিকাণ্ড সংঘটিত হয়। অগ্নিকাণ্ডের সংবাদ অবহিত হয়ে ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের বিভিন্ন ফায়ার স্টেশনের ২৫টি ইউনিট ঘটনাস্থলে উপস্থিত হয়ে প্রায় আড়াই ঘণ্টা প্রচেষ্টার পর দুপুর ১২:৩০ ঘটিকায় আগুন নিয়ন্ত্রণে আনতে সক্ষম হয়। অগ্নিকাণ্ডের কারণ অনুসন্ধান ও ক্ষয়ক্ষতির পরিমাণ নিরূপনে ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের পক্ষ থেকে ০৪(চার) সদস্য বিশিষ্ট তদন্ত কমিটি গঠন করা হয়েছে।

অগ্নিকাণ্ডের সংবাদ অবহিত হয়ে সংশ্লিষ্ট এলাকার মাননীয় সংসদ সদস্য, উত্তর সিটি কর্পোরেশনের মেয়র ও কাউন্সিলরগণ, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের অন্যান্য কর্মকর্তাসহ মহাপরিচালক ও জেলা প্রশাসন, ঢাকার কর্মকর্তাগণ ঘটনাস্থল পরিদর্শন করেন। অগ্নিকাণ্ডের ফলে কোন হতাহতের ঘটনা ঘটেনি। অগ্নিকাণ্ডের কারণ তাৎক্ষণিকভাবে জানা যায়নি। অগ্নিকাণ্ডে বস্তির প্রায় ২৬৩৫টি পরিবারের ৩৮৩টি একতলা/দোতলা কাঁচা টিনের ঘর ভস্মিভূত হয়।

ক্ষতিগ্রস্তদের মানবিক সহায়তা প্রদানের লক্ষ্যে অগ্রাধিকার তালিকা প্রণয়ন কার্যক্রম অব্যাহত আছে।

ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্সের নিয়ন্ত্রণ কক্ষের তথ্য (মোবাইল এসএমএস) থেকে জানা যায় যে, রুপনগর বস্তিতে অগ্নিকাণ্ডে ফায়ার সার্ভিসের ২ (দুই) জন কর্মী এবং ০১ (এক) জন বস্তিবাসী সামান্য আহত হয়েছে।



১২-৩-২০২০

মোহাম্মদ হাফিজুর রহমান

ভারপ্রাপ্ত কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব)

ফোন: ৮৮০-৫৮৮১১৬৫১

ফ্যাক্স: ৮৮০-২-৯৮৯১৯২৬

ইমেইল:

controlroom.ddm@gmail.com

ভারপ্রাপ্ত কর্মকর্তা-১

এনডিআরসিসি অনুবিভাগ

দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়

স্মারক নম্বর: ৫১.০১.০০০০.০২৭.১৫.০০১.১৮.৪০৭/১

তারিখ: ২৮ ফাল্গুন ১৪২৬

১২ মার্চ ২০২০

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) মহাপরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
- ২) পরিচালক, মূল্যায়ন ও পরিবীক্ষণ অনুবিভাগ, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
- ৩) পরিচালক (সকল)
- ৪) উপ-পরিচালক (সকল)
- ৫) জেলা ত্রাণ ও পূর্ণবাসন কর্মকর্তা

৬) প্রোগ্রামার, আইসিটি শাখা, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর

৭) প্রবীর কুমার দাস, প্রোগ্রামার, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর



১২-৩-২০২০

মোহাম্মদ হাফিজুর রহমান

ভারপ্রাপ্ত কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব)